

প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৬ (ছ) তাওবার সালাত - ৮৭. তাওবার সালাত কাকে বলে? কখন কী প্রেক্ষিতে কত রাকআত এ সালাত আদায় করতে হয়? এ সালাতের হুকুম কি?

আবুবকর (রা.)-র বর্ণনায় এসেছে রাসূলুল্লাহ (স.) বলেছেন, কেউ যদি কখনো কোন গুনাহ করে ফেলে, অতঃপর (প্রয়োজনে গোসল শেষে) উত্তমরূপে ওযু করে দুই রাকআত সালাত আদায় করে তার পাপের জন্য তাওবাহ করে তাহলে আল্লাহ তাকে ক্ষমা করে দেন। অতঃপর তিনি এ আয়াতটি তিলাওয়াত করেন, “তারা- যখন কোন অশ্লীল কাজ করে বসে কিংবা (এর দ্বারা) নিজেদের উপর নিজেরা যুলুম করে ফেলে (সাথে সাথেই) তারা আল্লাহকে স্মরণ করে এবং নিজেদের গুনাহের জন্যে (আল্লাহর) ক্ষমা প্রার্থনা করে। (আসলে) আল্লাহ তাআলা ছাড়া আর কে আছে যে (তাদের) গুনাহ মাফ করে দিতে পারে? এরা জেনে বুঝে কখনো নিজেদের গুনাহের ওপর অটল থাকে না।” (সূরা ৩; আলে-ইমরান ১৩৫; আবু দাউদ: ১৫২১)

এই সালাতের প্রথম রাকআতে সূরা কাফিরন এবং দ্বিতীয় রাকআতে সূরা ইখলাস পড়া উচিত। (ফিকহুস সুন্নাহ- ১/৪৫৫-৪৫৮ পৃ.) অতঃপর খালেস দিলে আল্লাহর কাছে তাওবাহ করবে। ইনশা আল্লাহ তাকে মাফ করে দেবেন।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=12973>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন